


## হোটেলস् ইন্টারন্যাশনাল লিমিটেডের উত্তম চর্চার সংক্ষিপ্তসার

হোটেলস্ ইন্টারন্যাশনাল লিমিটেড বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন একটি পাবলিক লিমিটেড কোম্পানি এবং প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলের স্বত্ত্বাধিকারী প্রতিষ্ঠান। হোটেলটি শুরু থেকে অত্যন্ত সুনাম ও দক্ষতার সাথে অতিথিদের আতিথেয়তা সেবা প্রদান করে আসছে। এ প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য উত্তম চর্চাসমূহ নিম্নরূপ:

০১. হোটেলে আগত অতিথিদের সর্বোত্তম আতিথেয়তা সেবা প্রদান নিশ্চিত করা হয়।
০২. কর্মকর্তা/কর্মচারীদের ডিজিটাল হাজিরা নিশ্চিত করা হয়।
০৩. স্বাস্থ্য বিধি, অধি নির্বাপক ও অতিথি অভ্যর্থনা ইত্যাদি বিষয়ের উপর নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হয়।
০৪. রক্ত দান কর্মসূচির আয়োজন করা হয়।
০৫. কর্মকর্তা/কর্মচারীদের পরিবার-পরিজন নিয়ে বার্ষিক পরিবার সমাবেশ (Family day) আয়োজন করা হয়।
০৬. বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন করা হয়।
০৭. কর্মকর্তা/কর্মচারীদের অবসরোত্তর সকল পাওনাদি অবসর গ্রহণের একমাসের মধ্যে পরিশোধ করা হয়।
০৮. মাসিক সমন্বয় সভায় বিগত মাসের কার্যাবলী পর্যালোচনা এবং পরবর্তী মাসের করণীয় নির্ধারণ করা হয়।
০৯. কাজের দক্ষতা ও নৈতিকতা মূল্যায়নের মাধ্যমে প্রতি মাসে দুই জন সর্বোত্তম (Best) কর্মচারী নির্বাচন করা হয়।
১০. কর্মী নিয়োগ ও পদমোতির ক্ষেত্রে মেধা ও দক্ষতাকে অগ্রাধিকার দেওয়া হয়।
১১. বিদেশে প্রশিক্ষণের ক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারী কর্তব্যনিষ্ঠা, দক্ষতা, অভিজ্ঞতা এবং নৈতিকতাকে মানদণ্ড হিসেবে বিবেচনা করা হয়। প্রশিক্ষণের মাধ্যমে অর্জিত জ্ঞান সবার মধ্যে বিনিময়ের (Share) ব্যবস্থা করা হয়।
১২. প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট সরকারি আইন, বিধি-বিধান সম্পর্কে কর্মকর্তা-কর্মচারীদেরকে অবহিত করা হয়।
১৩. সকল ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং দুর্ব্বার প্রতিরোধে নিজস্ব “ক্রয় নীতিমালা” এর পাশাপাশি পাবলিক প্রকিউমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ অনুসরণ করা হয়।
১৪. প্রতিষ্ঠানের আর্থিক লেনদেনের ক্ষেত্রে ২০১২ সালের ভ্যাট আইন এবং আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর প্রযোজ্য শর্তসমূহ প্রতিপালন করা হয়।
১৫. প্রতিষ্ঠানের কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান নিশ্চিত করা।
১৬. প্রতিবছর এতিম ছাত্র-ছাত্রীদের জন্য ইফতার আয়োজন ও শুভেচ্ছা উপহার প্রদান করা হয়।
১৭. পরিবেশ সংরক্ষণ ও সৌন্দর্য বর্ধনে বৃক্ষরোপন, ফুলের বাগান সৃজন এবং নিয়মিত পরিষ্কার-পরিচ্ছম কার্যক্রম পরিচালনা করা হয়।
১৮. হোটেলে কর্তব্য পালনকালে প্রতিষ্ঠানের কর্মচারীদের নির্ধারিত পোষাক পরিধানে নির্দেশনা মেনে চলার অনুশাসন দেয়া হয়।
১৯. কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার (CSR) আলোকে এতিম, অসহায় ও দুঃস্থ মানুষকে শীত বস্ত্র ও উন্নত খাবার দেয়া হয়।
২০. শারীরিকভাবে প্রতিবন্ধীদের ব্যবহার উপযোগী ট্যালেট এবং দুর্ঘটনায়/বাচাদের দুখ খাওয়ানোর জন্য মায়েদের Breast Feeding Corner স্থাপন করা হয়েছে।

=====

  
২৫/১০/১২২০